

তারিখ: ০১.১২.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

## মশা নিধনে আমেরিকান প্রযুক্তির লার্ভিসাইড বিটিআই ব্যবহার শুরু চসিকের

চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রথমবারের মতো মশা নিয়ন্ত্রণে আমেরিকান প্রযুক্তির লার্ভিসাইড বিটিআই (*Bacillus thuringiensis israelensis*) ব্যবহারের কার্যক্রম শুরু করেছে। সিটি মেয়র ডা. শাহাদাত হোসেনের নির্দেশক্রমে সোমবার (০১ ডিসেম্বর ২০২৫) সকাল সাড়ে ৯টায় ৩৯ নং দক্ষিণ হালিশহর ওয়ার্ড কার্যালয়ের সামনে এ কর্মসূচি শুরু হয়। কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব মো. আশরাফুল আমিন। এসময় আরো উপস্থিত ছিলেন প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা ক্যাপ্টেন ইখতিয়ার উদ্দিন আহমেদ চৌধুরী, ম্যালেরিয়া ও মশক নিয়ন্ত্রণ কর্মকর্তা মোঃ শরফুল ইসলাম মাহি, কীটতত্ত্ববিদ রাশেদ চৌধুরী এবং অন্যান্য গণ্যমান্য ব্যক্তিবর্গ। চট্টগ্রাম সিটি কর্পোরেশন (চসিক) মশা নিয়ন্ত্রণে বৈজ্ঞানিক পদ্ধতি অবলম্বন করে নতুন পদক্ষেপ গ্রহণ করেছে। এর আগে গত ২৬ মার্চ নগরীর ১৭ নম্বর বাকলিয়া ওয়ার্ডের সৈয়দ শাহ রোডের সামনের খালে পরীক্ষামূলকভাবে বিটিআই লার্ভিসাইড প্রয়োগ কার্যক্রমের উদ্বোধন করেন চসিক মেয়র ডা. শাহাদাত হোসেন। অর্জিত অভিজ্ঞতার আলোকে আজ থেকে ওয়ার্ড পর্যায়ে বিটিআই প্রয়োগ শুরু করল চসিক। চসিকের সংশ্লিষ্ট কর্মকর্তারা জানান, ডেঙ্গু ও চিকুনগুনিয়া নিয়ন্ত্রণে নিয়মিত ফগিং, লার্ভিসাইড ছিটানো, নালা-নর্দমা পরিষ্কার, আবর্জনা অপসারণ এবং জনসচেতনতা কার্যক্রম আরও জোরদার করা হয়েছে। নতুন প্রজন্মের আমেরিকান প্রযুক্তির বিটিআই ব্যবহারে মশার লার্ভা ধ্বংসে আরও কার্যকর ফল পাওয়া যাবে বলে তারা আশা প্রকাশ করেন। বিটিআই (*Bacillus thuringiensis israelensis*) হলো একটি প্রাকৃতিকভাবে উৎপন্ন ব্যাকটেরিয়াভিত্তিক লার্ভিসাইড, যা বিশেষভাবে মশা, ব্ল্যাংক ফ্লাই ও ফাঙ্গাস গ্যাটের লার্ভা দমনে ব্যবহৃত হয়। এটি পানিতে প্রয়োগ করার পর লার্ভা খাদ্যের সঙ্গে বিটিআই গ্রহণ করে এবং ব্যাকটেরিয়ার উৎপাদিত ক্রিস্টাল প্রোটিন টক্সিন লার্ভার পরিপাকতন্ত্রে কার্যকর হয়ে তাদের দ্রুত নিধন ঘটায়। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হলো, বিটিআই মানুষের শরীর, গৃহপালিত প্রাণী, মাছসহ অন্যান্য পরিবেশবান্ধব প্রাণীর জন্য ক্ষতিকর নয়; এমনকি উদ্ভিদ ও জলজ বাস্তুতন্ত্রেও কোনো বিষাক্ত প্রভাব ফেলে না। বিশ্বজুড়ে ডেঙ্গু, জিকা ও চিকুনগুনিয়ার মতো বাহক-বাহিত রোগ নিয়ন্ত্রণে এটি একটি নিরাপদ ও বৈজ্ঞানিকভাবে স্বীকৃত সমাধান হিসেবে ব্যবহৃত হয়ে থাকে।



## চট্টগ্রামে ভূমিকম্পে সম্ভাব্য ক্ষয়ক্ষতি কমাতে চসিকের সভা অনুষ্ঠিত

চট্টগ্রাম শহরে ভূমিকম্পের সম্ভাব্য ঝুঁকি ও ক্ষয়ক্ষতি কমাতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে এক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় ভূমিকম্পে ভবনের নিরাপত্তা, ভূমিকম্প-পরবর্তী ঝুঁকি ব্যবস্থাপনা, নগরবাসীর সচেতনতা বৃদ্ধি এবং জরুরি ব্যবস্থাকে আরও শক্তিশালী করার বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সোমবার টাইগারপাসস্থ চসিক কার্যালয়ে আয়োজিত সভার সিদ্ধান্ত অনুসারে একটি কমিটি গঠন করা হয়। চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ (সিডিএ) কর্তৃক চিহ্নিত নগরের ১০৩টি ঝুঁকিপূর্ণ ভবন দ্রুত অপসারণ এবং অতিরিক্ত আরও ঝুঁকিপূর্ণ ভবন শনাক্তকরণের লক্ষ্যে চসিকের আইন কর্মকর্তাকে আহ্বায়ক করে ৫ সদস্যের একটি বিশেষ কমিটি গঠন করা হয়। কমিটিতে চসিকের স্পেশাল ম্যাজিস্ট্রেটকে সদস্য সচিব এবং সংশ্লিষ্ট আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা ও সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী এবং একজন নির্বাহী ম্যাজিস্ট্রেটকে সদস্য করা হয়েছে। কমিটি চিহ্নিত ১০৩টি ঝুঁকিপূর্ণ ভবনের বিষয়ে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করবে। সভায় ভূমিকম্প সচেতনতার গুরুত্ব তুলে ধরে বলা হয়, জনসচেতনতা বৃদ্ধি ছাড়া দুর্ঘটনা মোকাবিলা সম্ভব নয়। এ লক্ষ্যে চসিক গণবিজ্ঞপ্তি প্রকাশ, ওয়ার্ডভিত্তিক মাইকিং, লিফলেট ও প্রচারপত্র বিতরণ, প্রতিষ্ঠান ও কমিউনিটিতে সচেতনতামূলক সভা, স্বেচ্ছাসেবক দল প্রস্তুতকরণ সহ একাধিক কার্যক্রম হাতে নেওয়ার সিদ্ধান্ত হয় সভায়। সভায় সভাপতির বক্তব্যে চসিকের ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা ও সচিব আশরাফুল আমিন বলেন, ভূমিকম্প প্রতিরোধ করা সম্ভব নয়। তবে, যথাযথ প্রস্তুতি থাকলে এর ক্ষয়ক্ষতি অনেকাংশে কমানো সম্ভব। ঝুঁকিপূর্ণ ভবন অপসারণ, নতুন ঝুঁকি শনাক্তকরণ এবং নগরবাসীকে সচেতন করতে চসিক সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কাজ করছে। জনগণের জীবন-নিরাপত্তাই আমাদের প্রথম অগ্রাধিকার। চসিক জরুরি পরিস্থিতিতে দ্রুত সাড়া দেওয়ার সক্ষমতা আরও বৃদ্ধি করছে। সভায় চসিকের প্রধান প্রকৌশলী আনিসুর রহমান, আইন কর্মকর্তা মহিউদ্দিন মুরাদ, স্পেশাল ম্যাজিস্ট্রেট মোঃ সোয়েব উদ্দিন খান, আঞ্চলিক নির্বাহী কর্মকর্তাবৃন্দ, নির্বাহী ম্যাজিস্ট্রেটবৃন্দ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী ফরহাদুল আলমসহ প্রকৌশলীবৃন্দ ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন। ক্যাপশন-চট্টগ্রাম নগরীর বায়েজিদ বোস্তামি এলাকায় অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত বস্তি পরিদর্শন করেন চসিকের কর্মকর্তাবৃন্দ।

চট্টগ্রাম কেন্দ্রীয় কারাগারের আশেপাশে এবং ভিতরে কয়েদী খানায় মশার ঔষুধ ছিটিয়েছে চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮